



রাজশাহী বিশ্ববিদ্যালয়

ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা
ইনস্টিটিউট)

১ম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২১-২০২২

সূত্র: ৩০৮/সা.বি.অ./১৩৫ পার্ট ১৪

তারিখ: ০২/০৮/২০২২

ভর্তি পরীক্ষার ফল প্রকাশ সংক্রান্ত নোটিশ

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইউনিট: A (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)-এর ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষার ফলাফল প্রাথমিকভাবে প্রকাশ করা হলো। ভর্তির জন্য বিভাগ ভিত্তিক মেধা তালিকা পরবর্তীতে প্রকাশ করা হবে।

প্রাথমিক ফলাফলে ন্যূনতম ৪০ নম্বর প্রাপ্ত আবেদনকারীদের মধ্যে চারুকলা অনুষদ (১. চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র বিভাগ, ২. মৃৎশিল্প ও ভাস্কর্য বিভাগ ও ৩. গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগ), সঙ্গীত বিভাগ এবং নাট্যকলা বিভাগে ভর্তিচ্ছু প্রার্থীদেরকে আগামী ০৩ আগস্ট, ২০২২ থেকে ০৬ আগস্ট, ২০২২ তারিখের মধ্যে অনলাইনে নির্ধারিত ফরম পূরণ করতে হবে। ফরম পূরণের ওয়েব লিংক: <https://sites.ru.ac.bd/practicalchoice22/>

চারুকলা অনুষদের ব্যবহারিক (ড্রয়িং) পরীক্ষা ১২ আগস্ট, ২০২২ তারিখ সকাল ১১:০০ থেকে ১২:০০ পর্যন্ত অনুষ্ঠিত হবে।

সঙ্গীত বিভাগ ও নাট্যকলা বিভাগের ব্যবহারিক পরীক্ষা ১১, ১২, ১৪ ও ১৬ আগস্ট, ২০২২ তারিখে অনুষ্ঠিত হবে। এ দুই বিভাগের ব্যবহারিক পরীক্ষার সময়সূচি ০৭ আগস্ট, ২০২২ তারিখে জানানো হবে।

ইংরেজি বিভাগে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য চার গ্রুপ থেকে আনুপাতিক হারে মোট ১১১০ জনের তালিকা প্রকাশ করা হলো। তাদের লিখিত পরীক্ষা আগামী ১২ আগস্ট, ২০২২ তারিখ সকাল ৯:০০ থেকে ১০:০০ পর্যন্ত অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষা সংক্রান্ত উপর্যুক্ত প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর ভর্তিচ্ছুদের পছন্দক্রম নিয়ে বিভাগভিত্তিক চূড়ান্ত মেধা তালিকা প্রকাশ করা হবে।

প্রকাশিত ফলাফলে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(প্রফেসর ড. মো: ইলিয়াছ হোসেন)

চীফ কো-অর্ডিনেটর,

ইউনিট: A (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ,

চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২১-২০২২

এবং

ডীন

সামাজিক বিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়।